

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
পুরাতন বিমান বন্দর সড়ক
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।

নং-৩৫.০৩.০০০০.০০১.১১.০৮১.১৭-৩০২

তারিখ : ২২.০১.২০১৮খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটির (বিআরটি) নিম্নবর্ণিত ২(দুই) ক্যাটাগরির মোট ৬(ছয়)টি পদে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	পদের ধরণ (স্থায়ী/অস্থায়ী)	বেতনক্রম	শিক্ষাগত যোগ্যতা
১.	কম্পিউটার অপারেটর	২(দুই)টি	স্থায়ী	১১০০০-২৬৫৯০	কোন স্বীকৃত বিশ্ববিদ্যায় হতে স্নাতক ডিগ্রী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। বিজ্ঞান বিষয়ে উত্তীর্ণ প্রার্থীদের অধিকার দেয়া হবে। ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসেবে কমপক্ষে ২(দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন বিভাগীয় প্রার্থীদের জন্য শিক্ষাগত যোগ্যতা শিখিলযোগ্য। অপারেটর এস্টিচিউড টেস্টে অবশ্যই উত্তীর্ণ হতে হবে।
২.	মেকানিক্যাল এসিস্ট্যান্ট	৪(চার)টি	স্থায়ী	১০২০০-২৪৬৮০	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সাটিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোন স্বীকৃত বোর্ডের অনুমোদিত প্রতিষ্ঠান হতে অটোমোবাইল/অটোমোটিভ ট্রেডএ কারিগরি বৃত্তিমূলক ২য় পর্ব উত্তীর্ণ; (গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।

- ২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত 'চাকরির আবেদন ফরম' এ আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম বিআরটি'র ওয়েব সাইটে (www.brta.gov.bd) পাওয়া যাবে।
- ৩। নির্ধারিত আবেদন ফরম যথাযথভাবে পুরণপূর্বক আগামী ২৫.০২.২০১৮খ্রি: তারিখের মধ্যে ডাকযোগে চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি(বিআরটি), পুরাতন বিমান বন্দর সড়ক, এলেনবাড়ি তেজগাঁও, ঢাকা-১২১৫ ঠিকানায় পৌঁছাতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের উক্ত নির্ধারিত ফরম ব্যতীত অন্য কোন ফরমে লিখিত আবেদন গ্রহণযোগ্য হবে না এবং হাতে হাতে বা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র ও গ্রহণযোগ্য হবে না।
- ৪। আবেদনপত্রের সাথে ৫×৫ সে.মি. সাইজের সদয় তোলা ও কপি সত্যায়িত ছবি ও পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা জমার ট্রেজারি চালানের মূল কপি সংযুক্ত করতে হবে।
- ৫। উল্লিখিত পদসমূহে মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর, নেত্রকোণা, খাগড়াছড়ি, নোয়াখালী, লক্ষ্মীপুর, লালমনিরহাট, পঞ্চগড়, বাগেরহাট, যশোর, নড়াইল, ঝিনাইদহ, মাঞ্চা, পিরোজপুর, ঝালকাটি ও ভোলা জেলার সাধারণ কোটার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে মুক্তিযোদ্ধা কোটা, শারীরিক প্রতিবন্ধী ও এতিম কোটার উপযুক্ত যে কোন জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- ৬। আবেদনকারীকে চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটির অনুকূলে পরীক্ষার ব্যাপ্তি বাবদ ১-৫০৪৩-০০০০-২৬৮১ থাতে ১০০/- (একশত) টাকা জমার ট্রেজারি চালান এর মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৭। আবেদনকারীর বয়স ২৫.০২.২০১৮খ্রি: তারিখে সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদনকারীর বয়স সীমা ৩২(বত্রিশ) বছর পর্যন্ত শিখিলযোগ্য। মুক্তিযোদ্ধার সন্তানদের বয়স সীমা সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর।
- ৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণের পর মৌখিক পরীক্ষার সময় প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা(যদি থাকে) সনদের মূল কপি, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/জাতীয়তার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র(যদি থাকে), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের মূল কপি ও পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের বিষয়টি উল্লেখপূর্বক প্রদত্ত সনদ উপস্থাপন করতে হবে।
- ৯। পদ পূরণের ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, শূন্য পদ পূরণ সংক্রান্ত সরকারের যাবতীয় বিধি-বিধান/আদেশ যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে। খামের উপরে পদের নাম, নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। চাকরির প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ ও অক্ষতিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১০। আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় ডাকটিকিট সম্বলিত নিজ ঠিকানা লিখিত ১০'×৪.৫' সাইজের একটি ফেরত খাম প্রেরণ করতে হবে।
- ১১। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীগণকে বিভিন্ন পরীক্ষার তারিখ ও সময় যথাসময়ে অবহিত করা হবে।
- ১২। নিয়োগ পরীক্ষায় উপস্থিত হবার জন্য কোন সময় এ নিয়োগ প্রক্রিয়া/কার্যক্রম সংশোধন/স্থগিত/বাতিলের অধিকার সংরক্ষণ করেন।
- ১৩। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোন সময় এ নিয়োগ প্রক্রিয়া/কার্যক্রম সংশোধন/স্থগিত/বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

*শাহ আবদুল তারিক
উপপরিচালক(প্রশাসন)*